

সংসদের কাছে আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার কণ্ঠস্বর গণভোট

অস্ট্রেলিয়ানরা বহু দেশ থেকে এসেছে, অনেক ধর্ম পালন করে এবং নানা ভাষায় কথা বলে। আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার মানুষরা অস্ট্রেলিয়ার প্রথম জনগণ এবং 65,000 বছরেরও বেশি সময় ধরে এখানে বসবাস করছেন। কিন্তু অস্ট্রেলিয়ার সংবিধান তাদের অনন্য মর্যাদাকে স্বীকৃতি দেয় না। এই কারণেই এই বছরের শেষের দিকে, আমরা একটি গণভোটের মাধ্যমে আমাদের সংবিধানের পরিবর্তন বিবেচনা করতে পারব। সমস্ত অস্ট্রেলিয়ানরা আমাদের সংবিধানে আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের স্বীকৃতি দেওয়ার সুযোগ পাবে, একটি কণ্ঠস্বরের মাধ্যমে যা তাদের প্রভাবিত করে এমন সমস্যাগুলির বিষয়ে তাদের শোনার বিষয়টি নিশ্চিত করবে।

উলুরু স্টেটমেন্ট ফ্রম দ্য হার্ট (Uluru Statement from the Heart) কি?

2017 সালের মে মাসে, 250 টিরও বেশি আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার মানুষ উলুরু স্টেটমেন্ট ফ্রম দ্য হার্ট প্রদান করেছেন। এটি আমাদেরকে সমস্ত অস্ট্রেলিয়ার জন্য একটি ভাল ভবিষ্যৎ তৈরি করতে এবং অস্ট্রেলিয়ার সংবিধানে সংসদে একটি আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারের কণ্ঠস্বর অন্তর্ভুক্ত করতে বলে।

সংসদের কাছে আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারের কণ্ঠস্বর কি?

আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার কণ্ঠস্বর হল আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের প্রভাবিত করে এমন আইন এবং নীতি সম্পর্কে সরকারকে পরামর্শ দেওয়ার একটি উপায়।

গণভোট কি?

একটি গণভোট হল যখন ভোটারদের একটি প্রশ্ন বা প্রশ্নসমূহের হ্যাঁ বা না উত্তর দিতে বলা হয়। অস্ট্রেলিয়ার সংবিধান পরিবর্তনের একমাত্র উপায় হল গণভোটের মাধ্যমে।

গণভোটে কে ভোট দিতে পারেন?

শুধুমাত্র ভোটের জন্য নথিভুক্ত ব্যক্তির গণভোটে অংশ নিতে পারেন। নথিভুক্ত ভোটারদের জন্য গণভোটে ভোট দেওয়া বাধ্যতামূলক।

আমি কিভাবে গণভোটে ভোট দেব?

গণভোটগুলো নির্বাচনের মতো। ভোটের দিন, আপনি একটি ভোট কেন্দ্রে যেতে পারেন এবং একটি ব্যালট পেপারে আপনার ভোট দিতে পারেন।

কিভাবে একটি গণভোটের সিদ্ধান্ত হয়?

একটি গণভোট সফল হতে হলে তার দ্বিগুণ সংখ্যাগরিষ্ঠতা প্রয়োজন। এর মানে অন্তত চারটি স্টেটে এবং সমগ্র অস্ট্রেলিয়া জুড়ে সংখ্যাগরিষ্ঠ ভোটা।

আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারের কণ্ঠস্বর গণভোটটি কবে অনুষ্ঠিত হবে?

এই বছরের শেষের দিকে আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারের কণ্ঠস্বর গণভোটটি অনুষ্ঠিত হবে।

আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারের কণ্ঠস্বর গণভোটটিতে কি প্রশ্ন জিজ্ঞাসা করা হবে?

"একটি প্রস্তাবিত আইন: একটি আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার কণ্ঠস্বর প্রতিষ্ঠা করে অস্ট্রেলিয়ার প্রথম জনগণকে স্বীকৃতি দেওয়ার জন্য সংবিধান পরিবর্তন করা। আপনি কি এই প্রস্তাবিত পরিবর্তনকে অনুমোদন করেন?"

কারা এই তথ্য পত্রটি তৈরি করেছে?

Life Without Barriers, Reconciliation Australia, SNAICC – National Voice for our children, Yes Alliance এবং Polaron Language Services-এর যৌথ প্রচেষ্টায় এই ফ্যাক্ট শিটটি তৈরি করা হয়েছে। এই পার্টনারশিপটি সংসদে আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার কণ্ঠস্বরের অ্যাক্সেসযোগ্য তথ্য তৈরিতে সহায়তা করার জন্য গঠিত হয়েছিল।

আরো
তথ্য

